35

তারিখ JUL 22 1992
পৃষ্ঠা ৭৭ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

## ঠাকুরগাঁয়ে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবীতে ছাত্র ধর্মঘট

ঠাকুরগাঁও সংবাদদাতা ॥ ঠাকুরগাঁয়ে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন ও দিনাজপুর হাজী দানেশ কৃষি কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার দাবীতে গত মঙ্গলবার ঠাকুরগাঁও জেলায় ছাত্র ধর্মঘট পালিত হয়।

সকল স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীরা ক্লাস বর্জ করে ও শহরে মিছিল করে। মিছিলে সর্বস্তরের জনগণও অংশ নেয়। পরে জেলা প্রশাসকের অফিস প্রাঙ্গণে এক সমাবেশে উল্লিখিত দাবীর পক্ষে বক্তব্য রাখেন সফিউল এনাম পারভেজ, খাজা নাজিমউদ্দিন, ওবায়দুল্লাহ মাসুদ রাশেদুল আলম লিটন, কামরুল ইসলাম, আতাউর রহমান, চামেলী বেগম প্রমুখ।